



ঘরে থাকি \* সামাজিক দূরত্ব বজায় রাখি \*  
করোনাভাইরাস সংক্রমণ রোধ করি \* জীবন বাঁচাই



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা

[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

নম্বর ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০১.২০.২৭

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪২৭

১৫ মে ২০২০

### বিজ্ঞপ্তি

বিষয়: নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)-এর শিক্ষক-কর্মচারীগণের মে, ২০২০ মাসের জন্য অনলাইনে এমপিও'র (বিশেষ) আবেদন প্রেরণ/প্রক্রিয়াকরণের সময়সীমা ও নির্দেশনা।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের গত ৩০ এপ্রিল, ২০২০ তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০১.২০.১৪ নম্বর বিজ্ঞপ্তির মাধ্যমে নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)-এর এমপিও পাওয়ার যোগ্য শিক্ষক-কর্মচারীগণকে নির্ধারিত সময়সীমার মধ্যে মে, ২০২০ মাসে এমপিওভুক্তির লক্ষ্যে অনলাইনে আবেদন করার জন্য বলা হয়েছিল। পরবর্তীতে দুই দফায় উক্ত বিজ্ঞপ্তির সময়সীমা বৃদ্ধি করা হয়। তারপরও বিদ্যমান পরিস্থিতিতে নানাবিধ কারণে এমপিও পাওয়ার যোগ্য অনেক শিক্ষক কর্মচারী নির্ধারিত সময়ে আবেদন করতে পারেননি। আবার অনেক শিক্ষক কর্মচারীর আবেদন অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ হওয়ার কারণে এবং অনেকের কাগজপত্র/সংযুক্তি ঘাটতি থাকার কারণে তা বিভিন্ন পর্যায় হতে রিজেক্ট হয়েছে। এ পরিস্থিতিতে নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)-এর এমপিও পাওয়ার যোগ্য যেসকল শিক্ষক-কর্মচারীগণ নির্ধারিত সময়ে আবেদন করতে পারেননি এবং যাদের আবেদন রিজেক্ট হয়েছে তাঁরা পূর্বের নির্দেশনার আলোকে নিম্নের সময়সীমা অনুযায়ী মে, ২০২০ মাসে এমপিওভুক্ত (বিশেষ) হওয়ার জন্য অনলাইনে আবেদন করতে পারবেন:

#### ১) নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের জন্য:


- ক) আবেদন শুরুর তারিখ: ২২ মে, ২০২০ খ্রিষ্টাব্দ;
- খ) প্রতিষ্ঠান প্রধানগণ ৩১ মে, ২০২০ তারিখের মধ্যে তাঁর প্রতিষ্ঠানের যোগ্য শিক্ষক-কর্মচারীদের অনলাইনে স্বয়ংসম্পূর্ণ এমপিও আবেদন সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করবেন;
- গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ প্রতিষ্ঠান প্রধানগণের নিকট হতে ৩১ মে, ২০২০ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ ০৪ জুন, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন;
- ঘ) জেলা শিক্ষা কর্মকর্তাগণ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ ০৮ জুন, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন;
- ঙ) আঞ্চলিক উপপরিচালকগণ (মাধ্যমিক) জেলা শিক্ষা কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ ১৫ জুন, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করে অনুমোদনকৃত আবেদনসমূহ ই.এম.আই.এস সেলে প্রেরণ করবেন।

#### ২) কলেজ (স্কুল এন্ড কলেজের কলেজ পর্যায়, উচ্চ মাধ্যমিক কলেজ এবং ডিগ্রি স্তর)-এর জন্য:

- ক) আবেদন শুরুর তারিখ: ২২ মে, ২০২০ খ্রিষ্টাব্দ;
- খ) প্রতিষ্ঠান প্রধানগণ ০২ জুন, ২০২০ তারিখের মধ্যে তাঁর প্রতিষ্ঠানের যোগ্য শিক্ষক-কর্মচারীদের অনলাইনে স্বয়ংসম্পূর্ণ এমপিও আবেদন সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের নিকট প্রেরণ করবেন; এবং
- গ) আঞ্চলিক পরিচালকগণ প্রতিষ্ঠান প্রধান হতে ০২ জুন, ২০২০ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ ১৫ জুন, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করে অনুমোদনকৃত আবেদনসমূহ ই.এম.আই.এস সেলে প্রেরণ করবেন।

৩) অনলাইনে এমপিও আবেদন নিষ্পত্তি/অনুমোদন/প্রক্রিয়াকরণের কোনও পর্যায়েই শেষ সময়ের জন্য অপেক্ষা করা যাবে না। অনলাইনে আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তা দ্রুত সময়ের মধ্যে যাচাই-বাছাই করবেন এবং নিষ্পত্তি/অনুমোদন/প্রক্রিয়াকরণ শেষে পরবর্তী পর্যায়ে প্রেরণ করবেন।

বি.দ্র: এমপিও আবেদন প্রক্রিয়াকরণের এই সময়সীমা শুধুমাত্র নতুন এমপিওভুক্ত/এমপিও স্তর পরিবর্তনকৃত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) এর এমপিও পাবার যোগ্য শিক্ষক-কর্মচারীর মে, ২০২০ মাসের এমপিও (বিশেষ) আবেদন প্রেরণ ও প্রক্রিয়াকরণের জন্য প্রযোজ্য হবে। সহায়তার জন্য [www.emis.gov.bd](http://www.emis.gov.bd) ওয়েব-সাইটে আপলোডকৃত নির্দেশিকা দেখা যেতে পারে।



১৫-৫-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৪) মহাব্যবস্থাপক, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক লিঃ, ঢাকা (তঁার ব্যাংকের এমপিও বন্টনকারী শাখাসমূহে নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীগণের ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ৫) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৬) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৮) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
- ৯) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা/থানা
- ১০) সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি, নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ
- ১১) অধ্যক্ষ, নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত কলেজসমূহ
- ১২) প্রধান শিক্ষক, নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়সমূহ
- ১৩) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ১৪) সংরক্ষণ নথি।